

ফাতওয়া নাম্বার: ২৮৬

প্রকাশকাল: ০২-১০-২০২২ ইং

যাকাতবর্ষ পূর্ণতার আগে নেসাবের সঙ্গে যুক্ত অতিরিক্ত অর্থের হুকুম কী?

প্রশ্ন:

আমার নেসাব পরিমাণ টাকার উপর এক বৎসর অতিবাহিত হওয়ার দুমাস আগে আরও কিছু টাকা জমা হয়েছে। এখন আমি কি শুধু আগের টাকার যাকাত দিবো, না, পরে যুক্ত টাকাসহ যাকাত দিবো?

প্রশ্নকারী- আব্দুর রহমান

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى، أما بعد:

নেসাবের মালিক হওয়ার পর বছরের মাঝে যতো অর্থ উপার্জিত হয়, বছরান্তে হিসেব করে মূল নেসাবের সঙ্গে সংযুক্ত সে অর্থেরও যাকাত দিতে হয়। বছরের মাঝে হাতে আসা অর্থের যাকাত ফরয হওয়ার জন্য তার উপর পৃথকভাবে বছর অতিক্রান্ত হওয়া জরুরী নয়। সুতরাং প্রশ্নোক্ত ক্ষেত্রে আপনাকে মূল নেসাবের যাকাতবর্ষ পূর্ণ হওয়ার পর, বছরের মাঝে হাতে আসা টাকাগুলোরও যাকাত আদায় করতে হবে।

ইবরাহিম নাখায়ি (রহ) (৯৬ হি.) বলেন,

«إن كان لك مال تزكيتيه فأصبحت مالا قبل أن يحول عليه الحول، فزكته معه إذا حال الحول، فإن لم يكن لك مال، فلا تزكته حتى يحول عليه الحول منذ يوم أصبته». - الأثار لأبي يوسف (ص: 88)، رقم الأثر: 432، ط. دار الكتب

العلمية - بيروت

“যদি তোমার এমন সম্পদ থাকে যার তুমি যাকাত দিবে, আর এ অবস্থায় বছর পূর্ণ হওয়ার পূর্বে তুমি আরও কিছু সম্পদ লাভ করলে,

তাহলে বছর পূর্ণ হলে যাকাতের মূল সম্পদের সঙ্গে নতুন করে হাতে আসা সম্পদেরও যাকাত দিয়ে দিবো।.....” -কিতাবুল আছার (আবু ইউসূফ রহ), আসার নং: ৪৩২

- আরও দেখুন মাবসূত, সারাখসি: ২/২২০; বাদায়িউস সানায়ি: ২/৪০৯; রদ্দুল মুহতার: ৩/২১৪

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৭-০২-১৪৪৪ হি.

২৪-০৯-২০২২ ঈ.

